ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৯৮
আগরতলা, ১৭ আগস্ট, ২০২৫

## উমাকান্ত স্টেডিয়ামে প্রীতি ফুটবল ম্যাচে মুখ্যমন্ত্রী
## আগরতলা সহ প্রতিটি জেলায় আধুনিক ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে

রাজ্য সরকার চায় ফুটবল সহ বিভিন্ন খেলাধুলায় ভবিষ্যৎ প্রজন্মের প্রতিভা বিকাশের সুযোগ তৈরি হোক। সেজন্য সরকারি উদ্যোগে খেলাধুলার বিভিন্ন পরিকাঠামোর অনেক উন্নয়ন করা হয়েছে। রাজ্যে ফুটবল সহ অন্যান্য খেলাধুলায় প্রতিভাবান খেলোয়াড়ের অভাব নেই। আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা উমাকান্ত স্টেডিয়ামে কলকাতার ইস্ট বেঙ্গল এবং মোহনবাগান ক্লাবের প্রাক্তন খেলোয়াড়দের নিয়ে এক প্রীতি ফুটবল ম্যাচের উদ্বোধন করে সাংবাদিকদের একথা বলেন। মুখ্যমন্ত্রী ফুটবলে কিক দিয়ে এম এল সাহা ম্যামোরিয়াল লেজেন্ডস কাপ ফুটবল ম্যাচের সূচনা করেন।

মুখ্যমন্ত্রী আরও বলেন, ইস্ট বেঙ্গল এবং মোহনবাগানের মতো বড় দলগুলির খেলোয়াড়দের এনে এধরণের খেলার আয়োজনের মূল উদ্দেশ্য হল রাজ্যের বর্তমান প্রজন্মের প্রতিভাবান খেলোয়াড়দের উৎসাহিত করা। রাজ্য সরকার চায় ত্রিপুরার ছেলেমেয়েরা ফুটবল সহ বিভিন্ন খেলাধুলায় তাদের প্রতিভার বিকাশ ঘটিয়ে রাজ্যের নাম দেশ ও আন্তর্জাতিকস্তরে নিয়ে যেতে। আগরতলা সহ প্রতিটি জেলায় আধুনিক ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। খেলা শুরুর আগে মুখ্যমন্ত্রী দুই দলের খেলোয়াড়দের সাথে পরিচিত হন। মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবে প্রমুখ। প্রীতি ফুটবল ম্যাচে ১-০ গোলে ইস্ট বেঙ্গল ক্লাব জয়ী হয়। খেলা শেষে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার ও অন্যান্য অতিথিগণ বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেন।

******